দৈনিক বাংলা

তারিখ 26 DEC 1985
পৃষ্ঠা 7 কলাম 8

043

# রাজশাহী ভার্সিটির বিএ এবং বিএসসি পরীক্ষার ফল

॥ভার্সিটি সংবাদদাতা॥

রাজশাহী, ২২শে ডিসেম্বর।—রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৫ সালের বিএ এবং বিএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।

বিএ পরীক্ষায় মোট ২০ হাজার ২৫১ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ৩ হাজার ৫৬৬ জন। পাসের হার শতকরা ৩৪.৭। কেউ প্রথম বিভাগ পাননি।

বিএসসিতে মোট ৪ হাজার ৯৯১ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৭৮৪ জন পাশ করেছেন। পাশের হার ৩৯.৫। ১১ জন প্রথম বিভাগ পেয়েছেন।